

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ৬, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা
প্রজ্ঞাপন

ঢাকা, ২৪ এপ্রিল, ২০১৪/১১ বৈশাখ, ১৪২১

নম্বর ০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪-৮৭—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বাংলাদেশ পরিকল্পনা কমিশন নিম্নরূপভাবে গঠন করেছে :

(ক) কমিশনের গঠন :

- | | |
|----------------------------------|--------------------|
| (১) প্রধানমন্ত্রী | - চেয়ারপারসন |
| (২) পরিকল্পনা মন্ত্রী | - ভাইস-চেয়ারম্যান |
| (৩) পরিকল্পনা কমিশনের সদস্যবৃন্দ | - সদস্য |
| (৪) সচিব, পরিকল্পনা বিভাগ | - সদস্য-সচিব |

(খ) কার্যপরিধি :

- (১) বুলস্ অব বিজনেস, ১৯৯৬ এর সিডিউল-১ এ বর্ণিত পরিকল্পনা মন্ত্রণালয়ের অন্তর্গত পরিকল্পনা কমিশনের জন্য নির্ধারিত কার্যাবলি।
- (২) চেয়ারপারসন, বাংলাদেশ পরিকল্পনা কমিশন-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় নিম্নলিখিত কার্যাবলিও সম্পন্ন হবে :
 - (২.১) দেশের সার্বিক অর্থনৈতিক পরিস্থিতি পর্যালোচনা;
 - (২.২) জাতীয় অর্থনৈতিক পরিষদে উপস্থাপনের জন্য বার্ষিক উন্নয়ন কর্মসূচি চূড়ান্তকরণ;

(১৩৩০৭)

মূল্য : টাকা ৪.০০

- (২.৩) জাতীয় অর্থনৈতিক পরিষদে উপস্থাপনের জন্য স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা এবং পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়ন পর্যালোচনা ও হালনাগাদকরণের নির্দেশনা প্রদান;
- (২.৪) পরিকল্পনা বাস্তবায়নের সঙ্গে সম্পৃক্ত গুরুত্বপূর্ণ বিষয়াবলি; এবং
- (২.৫) পরিকল্পনার গুরুত্বপূর্ণ কৌশলগত বিষয়াবলি সম্পর্কে আন্তঃমন্ত্রণালয় মতপার্থক্য দূরীকরণ।
- ২। প্রয়োজনে বাংলাদেশ পরিকল্পনা কমিশনের বর্ধিত সভা করা যাবে এবং নিম্নলিখিত কর্মকর্তাগণকে বাংলাদেশ পরিকল্পনা কমিশনের বর্ধিত সভায় যোগদানের জন্য আমন্ত্রণ জানানো হবে:
- (১) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- (২) সচিব, অর্থ বিভাগ
- (৩) সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- (৪) সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
- (৫) গুরুত্বপূর্ণ আন্তঃমন্ত্রণালয় মতপার্থক্যের ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতিনিধিগণ।
- ৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নূরুল করিম
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)